

DIA Mr.
upload the marks
13/5/16

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

মেদিনীপুর :: ৭২১১০১

Fax: (03222) 263597 :: Phone.- (03222) 275988 :: email - secy_pmzp@rediffmail.com :: website.- www.zpmidwest.org

নীলাম বিজ্ঞপ্তি

স্মারক নং. - ৮৪/৪৫৭


তারিখ. - ১১.৫.১৬

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যায় যে, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিস চত্বরের গোড়াউনে রাখা টিউবওয়েলের পুরাতন কাজের অযোগ্য যন্ত্রাংশ আছে। যাহা নীলামের মাধ্যমে বিক্রয় করার জন্য আগামী ২৩.৫.২০১৬ তাং সোমবার, নিম্নোক্ত শর্তাবলীতে উক্ত দ্রব্যাদি বিক্রয় করার জন্য দরপত্র গ্রহণ করা হবে। আগ্রহী ব্যক্তিগণ জেলা পরিষদের অবর সহ বাস্তুকার (সদর) এবং স্টোরকীপারের সাথে ছুটির দিন বাদে অফিস সময়ে যোগাযোগ করে সরেজমিনে পরিদর্শন করে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

শর্তাবলী:-

১. দ্রব্যের নাম ও বিবরণ:- টিউবওয়েল পুরাতন ভাঙ্গা যন্ত্রাংশ ও লৌহ।
২. প্রাককলন হিসাব:- লৌহ - ১৫.৫০ / কেজি।
৩. দরপত্র গ্রহণের তারিখ:- ২৩.৫.২০১৬, সোমবার, জেলা বাস্তুকার মহাশয়ের অফিস চেম্বারে রাখা টেভার বাক্সে বিকাল ৩টার মধ্যে জমা দিতে হবে।
৪. দরপত্র খোলার সময় ও তারিখ:- জেলা বাস্তুকার মহাশয়ের অফিস চেম্বারে টেভারে অংশগ্রহণকারী ব্যক্তিগণের উপস্থিতিতে ৩টা ৩০ মিনিটে হইবে।
৫. আমানত অর্থ:- ১০০০.০০(এক হাজার) টাকা পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের অনুকূলে ব্যাঙ্কার্স চেক/ডিমান্ড ড্রাফট আবেদনের সাথে জমা দিতে হবে।
৬. সকল দরদাতা নিজ উদ্যোগে অবর সহ বাস্তুকার (সদর) এবং স্টোরকীপারের উপস্থিতিতে দ্রব্য ওজন হওয়ার পর উল্লিখিত অর্থ জেলা পরিষদ তহবিলে জমা দেওয়ার পর নিজ খরচে বহন করে নিয়ে যাবেন।
৭. কোন কারণ না দর্শাইয়া নীলামের বিজ্ঞপ্তি সহ আদেশনামা বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষের আছে।
৮. ভুল বা অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৯. সমস্ত বিষয়ে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

—A.P.N



জেলা বাস্তুকার
পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

বিজ্ঞপ্তি নং-

তারিখ-

নীলামের বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল।

১. জেলা পরিষদ নোটিশ বোর্ড।
২. এম.কে.ডি.এ নোটিশ বোর্ড।
৩. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের নোটিশ বোর্ড।


জেলা বাস্তুকার
পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ